

Times Today BD

মো. নাঈম | বরিশাল | 11 May, 2025

ঝালকাঠিতে বিএনপি নেতার বাড়ি থেকে আমির হোসেন আমুর ভাইজি জামাই যুবলীগ নেতা সাইফুল ইসলাম বাবু (৪০) গ্রেফতার হয়েছে।

রবিবার (১১ মে) সকাল ১১ টায় সদর উপজেলার শেখেরহাট ইউনিয়নের রাজপাশা গ্রাম থেকে উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সৈয়দ জিয়াউল ইসলাম জুবায়ের এর রাজপাশার গ্রামের বাড়ি থেকে ইউনিয়ন যুবলীগের সহসভাপতি সাইফুল ইসলাম বাবুকে (৪০) গ্রেফতার করে শেখেরহাট ক্যাম্প পুলিশ। আওয়ামী লীগ নেতা সাবেক মন্ত্রী আমির হোসেন আমুর আপন চাচাত ভাই ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন সুজনের মেয়ে ওয়ার্ড আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নাজিয়া হাসান নুরহানকে বিয়ে করে বাবু আমুর মির্জাপুর গ্রামের বাড়িতে তত্ত্বাবধায়ক হিসেবে বসবাস করতো।

স্থানীয় সূত্রে জানা গেছে, বিএনপি নেতা জুবায়ের ও বাবুর বাড়ি সদর উপজেলার রাজপাশা গ্রামে। সরকার পরিবর্তনের পর বাবু প্রায়ই বিএনপি নেতা জুবায়েরের বাড়িতে রাত্রিযাপন করতেন। শনিবার রাতেও তিনি সেখানে অবস্থান করছিলেন। রবিবার সকালে জুবায়েরের বাড়ির সামনে থেকে শেখেরহাট ক্যাম্পের পুলিশ তাকে আটক করে। পরে তাকে ঝালকাঠি সদর থানায় নিয়ে যাওয়া হয় এবং সেখান থেকে ঝালকাঠি শহরে বিএনপির মিছিলে বোমা হামলার অভিযোগে দায়ের হওয়া একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়। বাবু শেখেরহাট ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি।

বিষয়টি নিশ্চিত করে ঝালকাঠি সদর থানার অফিসার ইনচার্জ মো. মনিরুজ্জামান বলেন বাবুকে বিস্ফোরক মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে। শেখেরহাট

ক্যাম্পের পুলিশ তাকে ক্যাম্পের সামনে থেকে গ্রেফতার করেছে। তার নামে কোন মামলা ছিল না। সন্ত্রাসী আসামী হিসেবে তাকে গ্রেফতার করা হয়েছে।

ঝালকাঠি সদর উপজেলা বিএনপি সাংগঠনিক সম্পাদক সৈয়দ জিয়াউল ইসলাম জুবায়ের বলেন, যুবলীগ নেতা সাইফুল ইসলাম বাবু কোনদিন আমার বাড়িতে ছিল না, সে আমার বাড়ি থেকে গ্রেফতার হয়নি। পুলিশ ফাড়িতে ডেকে নিয়ে তাকে গ্রেফতার করেছে বলে শুনেছি।

গ্রেফতার যুবলীগ বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:27

URL: <https://www.timestodaybd.com/public/barishal/232786467>